২৮

<u>বাহক মারফত/ফ্যাক্স যোগে/জিইপি</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
<u>৪২, এম, এম, আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম।</u>

নথি নং-৫(৬)কাবক/চট্টঃ/জে.এন.জেড ফ্যা/অডিট/১৫৬/২০২৩/ তারিখ- /১০/২০২৬ খ্রি.

বিষয়ঃ মেসার্স জেএনজেড ফ্যাশন লিমিটেড, চট্টগ্রাম নামীয় প্রতিষ্ঠান হতে বকেয়া রাজস্ব আদায়ের নিমিত্ত প্রতিষ্ঠানটির স্বত্তাধিকারী/সংশ্লিষ্ট ব্যক্তির মালিকানাধীন কোনো পণ্য সমুদ্র বন্দর, বিমানবন্দর, অন্য কোনো কাস্টমস স্টেশন অথবা বন্ডেড ওয়্যারহাউসে কাস্টমসের নিয়ন্ত্রণ হতে খালাস বন্ধকরণ।

সূত্র ঃ ১. এ দপ্তরের পত্র নং: ৫(৬)কাবক/চট্টঃ/জে.এন.জেড ফ্যা/অডিট/১৫৬/২০২৩/৮৫৮০, তারিখ: ২৫/০২/২০২৬ খ্রি.;
২. এ দপ্তরের পত্র নং: ৫(৬)কাবক/চট্টঃ/জে.এন.জেড ফ্যা/অডিট/১৫৬/২০২৩/৮৫৮১, তারিখ: ২৫/০২/২০২৬ খ্রি.;
৩. এ দপ্তরের পত্র নং: ৫(৬)কাবক/চট্টঃ/জে.এন.জেড ফ্যা/অডিট/১৫৬/২০২৩/১০১৬৪, তারিখ: ২০/০৭/২০২৬ খ্রি.;

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, নিম্নছকে বর্ণিত প্রতিষ্ঠান কর্তৃক এ দপ্তরের বিচারাদেশ নং-৫০/২০২৬, তারিখঃ ২৫/০২/২০২৬ খ্রি. সংশ্লিষ্ট ৩৪,৫০,৪০৮.৬০ (চৌত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার চারশত আট দশমিক ছয় শুন্য) এবং বিচারাদেশ নং-৫১/২০২৬, তারিখঃ ২৫/০২/২০২৬ খ্রি. সংশ্লিষ্ট ২৪,১৩,২৬৯.২৮ (চব্বিশ তের হাজার দুইশত উনসত্তর দশমিক দুই আট) টাকাসহ সর্বমোট ৫৮,৬৩,৬৭৭.৮৮ (আটান্ন লক্ষ তেষট্টি হাজার ছয়শত সাতাত্তর দশমিক আট আট) টাকা পরিশোধের আদেশ জারী করা হয়। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ অদ্যাবধি উল্লিখিত রাজস্ব পরিশোধ না করায় কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৩৮ এবং ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর বিধি ১৩ অনুযায়ী আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে তাগিদ পত্র প্রেরণ করা হলেও উল্লিখিত রাজস্ব অদ্যাবধি পরিশোধ হতে বিরত রয়েছেন। এমতাবস্থায়, সরকারি রাজস্ব সুরক্ষার্থে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৩৮(১)(খ) অনুযায়ী উক্ত অর্থ সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত নিম্নে উল্লিখিত প্রতিষ্ঠানটির স্বত্তাধিকারী/সংশ্লিষ্ট ব্যক্তির মালিকানাধীন কোনো পণ্য সমুদ্র বন্দর, বিমানবন্দর, অন্য কোনো কাস্টমস স্টেশন অথবা বন্ডেড ওয়্যারহাউসে কাস্টমসের নিয়ন্ত্রণ হতে খালাস বন্ধ করার জন্য অনুরোধ করা হলো। প্রতিষ্ঠানের লাইসেন্স ও **BIN** নিম্নে উল্লেখ করা হলো।

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	মূসক নিবন্ধন নং ও তারিখ	বন্ড লাইসেন্স নং ও তারিখ
মেসার্স জেএনজেড ফ্যাশন লিমিটেড, হোল্ডিং নং-৪০০৬/৫০৬২/৪, পশ্চিম ষোলশহর, আতুরার ডিপো, পাঁচলাইশ, চট্টগ্রাম	০০১১৮০৯৪৯-০৫০৪, তারিখঃ ১৭/১১/২০১৯ খ্রি.	৫(১৩)কাবক/চট্টঃ/বন্ড(পোঃ)/লাইঃ/০৪/২০২১ তারিখঃ ২১/০৯/২০২১ খ্রি.

(স্বাঃ)
(অনুপম চাকমা)
জয়েন্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস (বন্ড) এর পক্ষে

প্রাপক ঃ কমিশনার অব কাস্টমস,
কাস্টমস হাউস, চট্টগ্রাম/ঢাকা/মোংলা/বেনাপোল, যশোর/ভোমরা, সাতক্ষীরা/
আইসিডি, ঢাকা/, আইসিডি, চট্টগ্রাম/পানগাঁও, কেরাণীগঞ্জ/কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)।

দৃষ্টি আকর্ষণ ঃ সিস্টেম এনালিষ্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/অপরেশন ম্যানেজার,
কাস্টমস হাউস, চট্টগ্রাম/ঢাকা/মোংলা/বেনাপোল, যশোর/ভোমরা, সাতক্ষীরা/
আইসিডি, ঢাকা/, আইসিডি, চট্টগ্রাম/পানগাঁও, কেরাণীগঞ্জ।

নথি নং-৫(৬)কাবক/চট্টঃ/জে.এন.জেড ফ্যা/অডিট/১৫৬/২০২৩/ ১১২৭২ তারিখ- ০৬/১০/২০২৬ খ্রি.
<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ঃ</u>

১-১১। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম/ ঢাকা (উত্তর/ দক্ষিণ/ পূর্ব/ পশ্চিম)/ রাজশাহী/ যশোর/ কুমিল্লা/ রংপুর/ সিলেট/ খুলনা।
১২। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আইডিবি ভবন (দশম তলা), কাকরাইলম ঢাকা।
১৩। অপারেশন ম্যানেজার ও অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম (ASYCUDA World System এ BIN Lock ও GB Unlink করার জন্য অনুরোধ করা হলো)।
১৪-১৫। সিস্টেম এনালিস্ট, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম।
১৬। অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম (ওয়েবসাইটে হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো)।
১৭। দ্বিতীয় সচিব (শুল্ক, রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট# এফ ১/এ আগারগাঁও, শের-ই বাংলা নগর, ঢাকা।
১৮-২৬। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার, সিইপিজেড, চট্টগ্রাম/কর্ণফুলী ইপিজেড/কোরিয়ান ইপিজেড, চট্টগ্রাম/কুমিল্লা ইপিজেড, কুমিল্লা/আদমজী ইপিজেড, নারায়নগঞ্জ/ডিইপিজেড, সাভার/ঈশ্বরদি ইপিজেড, পাবনা/উত্তরা ইপিজেড, নীলফামারী/মোংলা ইপিজেড, খুলনা।
২৭-২৮। ব্যবস্থাপক, আল-আরাফাহ ইলামী ব্যাংক পিএলসি, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম/জনতা ব্যাংক পিএলসি, খাতুনগঞ্জ কর্পোঃ শাখা, ২৬৫, খাতুনগঞ্জ, পোস্ট বক্স নং-১৩৮, চট্টগ্রাম/সাউথবাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক পিএলসি, আগ্রাবাদ শাখা, ৯৬, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
২৯। প্রথম সহ-সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ ভবন (লেবেল ৪-৫), ৬৬৯/ই, ঝাঁউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।
৩০। অফিস কপি।

০৭.১০.২০২৫
(অনুপম চাকমা)
জয়েন্ট কমিশনার অব কাস্টমস

E:\RO (HQ)\ALL DOCUMENT \202 Dhara.1.doc